

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৭ আষাঢ়, ১৪২১ মোতাবেক ০১ জুলাই, ২০১৪

নিম্নলিখিত বিলটি ১৭ আষাঢ়, ১৪২১ মোতাবেক ০১ জুলাই, ২০১৪ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১১/২০১৪

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯  
(১৯৮৯ সনের ১৯ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ  
(সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৮৯ সনের ১৯ নং আইনের ধারা ১৬ক এর সংশোধন।—(১) রাঙ্গামাটি পার্বত্য জেলা  
পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন) এর ধারা ১৬ক এর উপ-ধারা (২) এর পরিবর্তে  
নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) একজন চেয়ারম্যান ও নিম্নবর্ণিত দশ জন সদস্য সমন্বয়ে সরকার অন্তর্বর্তীকালীন পরিষদ  
গঠন করিবে, যথা:—

(ক) চাকমা উপজাতি হইতে মনোনীত তিন জন সদস্য;

( ১৫৫৫ )

মূল্য : টাকা ৪.০০

- 
- (খ) মারমা উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;
- (গ) খেয়াং ও লুসাই উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;
- (ঘ) তনচেংগা উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;
- (ঙ) ত্রিপুরা উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য; এবং
- (চ) অ-উপজাতীয় হইতে মনোনীত তিন জন সদস্য।”।
- 

### উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ১৯৮৯ সালে মহান জাতীয় সংসদে আইন প্রণয়নের মাধ্যমে গঠিত হয়। এ আইনে চেয়ারম্যান, বিশ জন উপজাতীয় সদস্য, দশ জন অ-উপজাতীয় সদস্য এবং তিন জন মহিলা সদস্য জনসাধারণ কর্তৃক প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হওয়ার বিধান রয়েছে।

০২। পার্বত্য জেলা পরিষদ গঠন হবার পর জনগণের প্রত্যক্ষ ভোটে ১৯৮৯ সালে একবার মাত্র পরিষদের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ নির্বাচিত হয়েছিলেন। পরবর্তীতে গত ২৪-৫-২০০৯ তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বিলুপ্ত করে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর ১৬ক ধারা অনুযায়ী একজন চেয়ারম্যান ও চারজন সদস্য সমন্বয়ে ‘অন্তর্বর্তীকালীন পরিষদ’ গঠন করা হয়।

০৩। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ছোট-বড় ক্ষুদ্র ন্যূন-গোষ্ঠীর ও অ-উপজাতীয় সম্প্রদায়ের প্রতিনিধিত্ব নিশ্চিত করার কথা থাকলেও বিধি মোতাবেক অনিবাচিত অন্তর্বর্তীকালীন পরিষদের গঠন চেয়ারম্যানসহ মাত্র ৫(পাঁচ) জনে সীমাবদ্ধ হওয়ায় ক্ষুদ্র ন্যূন-গোষ্ঠীসমূহের কোন প্রতিনিধি দীর্ঘদিন যাবত রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে নেই। এতে প্রতিনিধি বাধিত ন্যূন-গোষ্ঠীসমূহের অধিকার খর্ব হচ্ছে এবং উন্নয়ন কার্যক্রমের অগ্রাধিকার নির্ধারণে তাঁদের কোন ভূমিকা থাকছে না।

০৪। অপরদিকে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ইতোমধ্যে ২৩টি বিভাগ হস্তান্তরিত হওয়ায় এ জেলা পরিষদে মাত্র ০৫ জন সদস্য দ্বারা এতগুলো বিভাগের কাজ সূচারূপে দেখভাল করা সম্ভব হচ্ছে না। ফলশ্রুতিতে ক্ষুদ্র ন্যূন-গোষ্ঠীসমূহের প্রতিনিধিত্ব নিশ্চিত করে রাঙ্গামাটি জেলা পরিষদের কার্যক্রমকে আরো শক্তিশালী ও গতিশীল করার লক্ষ্যে উক্ত পার্বত্য জেলা পরিষদের অন্তর্বর্তীকালীন পরিষদের সদস্য-সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

০৫। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে একজন চেয়ারম্যান ও অপর দশজন সদস্যের সমন্বয়ে ‘অন্তর্বর্তীকালীন পরিষদ’ গঠনের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯-এর ধারা ১৬ক এর উপধারা (২) রহিতপূর্বক সংশোধনসহ তা পুনঃপ্রণয়নের নিমিত্ত “রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ২০১৪ (সংশোধনী)” শীর্ষক বিলটি মহান সংসদ কর্তৃক গৃহীত হওয়া প্রয়োজন।

০৬। উপরিউল্লিখিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে বিলটি আইনে পরিণত করা আবশ্যিক বিধায় উহা বিবেচনা ও অনুমোদনের জন্য মহান সংসদে উপস্থাপন করা হলো।

বীর বাহাদুর উষেসিঃ  
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।